ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন-১ : নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন-২ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

## নারায়ণগঞ্জ পবিস-১ এর **কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

## (Overview of the Performance of Narayanganj PBS-1)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও, বন্দর উপজেলা ও রূপগঞ্জ উপজেলার (আংশিক) সমন্বয়ে প্রায় ২৫৭ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে নারায়ণগঞ্জ পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ১৯৯২.২১৫ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ২,১৩,৭৭৩ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের বর্তমানে ১৫টি উপকেন্দ্র রয়েছে। উক্ত উপকেন্দ্রসমূহের মোট ক্ষমতা ২৬০ এমভিএ। তবে গত তিন বছরে নতুন উপকেন্দ্র নির্মিত হয়েছে ০৪টি, ক্ষমতা ৪০ এমভিএ এবং ০২টি উপকেন্দ্রে ১০ এমভিএ ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। অত্র পবিসের ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ৩৩ কেভি ফিডার এবং ১১ কেভি ফিডার ওভার লোড মুক্ত। বিগত তিন বছরে প্রায় ৫০ কিঃমিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মাণ করা হয়েছে। ফলে অত্র পবিসের সিস্টেম লস গত তিন বছরে ২.১১% হ্রাস পেয়েছে এবং সিস্টেম লস লক্ষ্যমাত্রার (৭.০০%) চেয়ে কম রয়েছে (৫.৮৩%, এপ্রিল/২০১৭ পর্যন্ত)। গত অর্থ বছরে বকেয়া মাস ১.৩৭ অর্জন করা হয়েছে। বর্তমানে ০১ টি উপজেলায় শতভাগ (বন্দর) বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে এবং আগামী ডিসেম্বর'১৭ নাগাদ সকল উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ১৮০ মেঃওঃ। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। আগামী গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। ক্রমবর্ধমান লোডের চাহিদা পূরণের জন্য স্বল্প সময়ের মধ্যে নতুন উপকেন্দ্র ও লাইন নির্মাণ করা প্রয়োজন। কিন্তু ভৌগলিক অবস্থানের কারনে এবং শিল্পাঞ্চল হওয়ায় উপকেন্দ্র ও লাইন নির্মাণে বাঁধাসহ বিভিন্ন ধরণের জটিলতার সৃষ্টি হয়। বিতরণ ব্যবস্থায় ওভারহেড লাইন নির্মাণে প্রতিনিয়ত বাঁধার সম্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায় আন্ডার গ্রাউন্ড ক্যাবল ব্যবহার করে লাইন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। ইতোমধ্যে সিটি কর্পোরেশন এর অন্তর্ভূক্ত এলাকাসমূহ আন্ডার গ্রাউন্ড ক্যাবল দ্বারা বিদ্যুৎ সরবরাহ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- **ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

আগামী ০৫ বছর পরে পবিসের সম্ভাব্য সংযোগকৃত লোড ৪০০ মেঃওঃ এবং পিক-ডিমান্ড ২৬১ মেঃওঃ বিবেচনায় পবিসের ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

১॥ গ্রীড উপকেন্দ্র ০১টি (রূপসী) ২x৮০/১২০ এমভিএ (ইতোমধ্যে জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে)।

২॥ সোনারগাঁও ২x৫০/৭৫ গ্রীড উপকেন্দ্রে নতুন ০৫টি বে-ব্রেকার স্থাপন।

৩॥ ৩৩ কেভি নতুন ফিডার নির্মান ১০টি, ৯৭ কিঃমিঃ।

৪॥ ৩৩ কেভি তার পরিবর্তন ৬৫ কিঃমিঃ।

৫॥ ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র নির্মাণ ০৬টি, ১১০ এমভিএ।

৬॥ গ্রাহক কর্তৃক ৩৩/১১ কেভি নতুন উপকেন্দ্র নির্মাণ ২৯টি, ৩৩০ এমভিএ।

৭॥ ১১ কেভি ফিডার নির্মাণ ৩৫টি, ১৪০ কিঃমিঃ।

৮॥ এইচটি এবং এলটি লাইনের তার পরিবর্তন ৫৪০ কিঃমিঃ।

- **২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন সকল উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।

০২। ০৩ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান এবং ক্ষমতা ৬০ এমভিএ (২০x৩)।

০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।

০৪। মোট রাজস্ব লক্ষ্যমাত্রা ৮০০ কোটি টাকায় উন্নীতকরণ।

০৫। সিস্টেম লস ৭.০০% এর নীচে রাখা।

০৬। বকেয়া মাস ১.১৫ অর্জন করা।

০৭। ১০,০০০টি প্রি-পেইড মিটার স্থাপন।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

নারায়ণগঞ্জ পবিস-১ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): নারায়ণগঞ্জ পবিস-১ এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): ডিসেম্বর/২০১৭ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা বৃদ্ধি।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কার্যক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

নারায়নগঞ্জ পবিস-১

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o | % | ২৮ | ৭.৪১% | ৭.০১% | ৭.০০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.৩৭ | ১.৬৩ | ১.২০ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB | % | ১ | ৯৯.৯০% | ৯৩.০১% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o | % | ১ | ৯২.৫০% | ৮৬.৪৯% | ৯২.০৭% | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ১০.৪০% | ০.০০% | ৫.০০% | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (TK' 000) | Tk | ৭ | ১০০,৪১৮ | ৪৪,২১২ | ১০৫,০০০ | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ০.৩৫ | ০.৩২ | ০.৪০ | | | | | | |
| | | | 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ৩,০৯৪ | ১,৭০৮ | ৩৫৭০ | | | | | | |
| | | | 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৪৪.০০% | ২২.৯৮% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৪.৫৮% | ২.০৬% | ৪.০০% | | | | | | |
| | | | 11.Percentage of Damaged Transformer | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ২.৭৮% | ৭.৫৭% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work | % | ১ | ৮৯% | ৭৫% | ৮০% | | | | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 15.Improvement of Power Factor | | ১ | ০.৯৫ | ০.৯৫ | ০.৯২ | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ০ | ১০০% | | | | | | |
| | | | 17. Average Training hour per | Hour | ২ | ১৬১ | ৫৫ | ৭৫ | | | | | | |
| | | | 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১০০% | ১০৭% | ১০০% | | | | | | |
| | | | 19. Timeliness to attend | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১১৯৪ | ৭৯৪ | ১৫০০ | | | | | | |
| | | | 21. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ২২.৪৮ | ১৫.৫৮ | ৭৮ | | | | | | |
| | | | 22.% of overloaded Transformer | % | ২ | ১০০% | ৫৮% | .৫০% | | | | | | |
| | | | 23.% of New Connected Consumers | % | ৩ | ৯৮% | ৫৪% | ১০০% | | | | | | |
| | | | 24.Accounts Payable | Month | ১ | | ১.৫৩ | ১.০০ | | | | | | |

## মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সভাপতি, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী: স্বাক্ষরিত:

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

২৫/৬/১৭
.................................
সিনিয়র জেনারেল ম্যানেজার
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
মোঃ আব্দুল্লাহ-আল-মামুন
সিনিয়র জেনারেল ম্যানেজার
নারায়ণগঞ্জ পবিস-১

.................................
সভাপতি
নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
সভাপতি
সমিতি বোর্ড
নারায়ণগঞ্জ পবিস-১

১৫/০৬/১৭
.................................
পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ শহিদুল করিম)
উপ-পরিচালক (কেঃ অঃ)

১৫/৬/১৭
.................................
সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড